

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ৩০০ নম্বরের সার্টিফিকেট কোর্স পরীক্ষা

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পর্যায়ে ৩০০ নম্বরের সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশ গ্রহণের জন্য গত ১৫-৬-২০০৩ তারিখে দৈনিক ইনকিলাবে একটি বিজ্ঞাপন ছাপা হয়। ডাঙে বলা হয়েছে, যে সমস্ত বিষয়ে ব্যবহারিক পরীক্ষা আছে সে সমস্ত বিষয়ে সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না। যেমন ভূগোল, সমাজকল্যাণ, সমাজবিজ্ঞান, মনোবিজ্ঞান ইত্যাদি। উচ্চ শিক্ষার ক্ষেত্রে এ ধরনের শর্ত আরোপের পেছনে কোনো বাস্তব ও যৌক্তিক ভিত্তি আছে কি? শিক্ষার্থীগণ কোন বিষয়ে উচ্চ শিক্ষা গ্রহণ করবেন তা কি জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নির্ধারণ করবেন? কিংবা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কি মনে করেন যে বাংলাদেশে ভূগোল, সমাজকল্যাণ, সমাজবিজ্ঞান, মনোবিজ্ঞান ইত্যাদি বিষয়ে আর উচ্চ শিক্ষার প্রয়োজন নেই?

বাংলাদেশে চিকিৎসা ক্ষেত্রে বিভিন্ন কোর্সে মট্রোবিজ্ঞানে যারা ইতিমধ্যে ২০০ নম্বরের পরীক্ষায় অংশগ্রহণ করে কৃতিত্বের সঙ্গে উত্তীর্ণ হয়েছেন তাঁরা কী দোষে সুযোগ থাকা সত্ত্বেও সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করতে না পেরে ওই বিষয়সমূহে উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত হবেন? এ ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে আমাদের প্রস্তাব এই যে, যারা ইতিমধ্যে ডিগ্রীতে বিজ্ঞানে/চিকিৎসা বিজ্ঞানে ২০০ নম্বরের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তাঁদের সরাসরি মনোবিজ্ঞানের এমএসসি প্রথম পর্বে ভর্তি অথবা ১০০ নম্বরের সার্টিফিকেট কোর্স অথবা ৩০০ নম্বরের সার্টিফিকেট কোর্স পরীক্ষায় সুযোগ দেয়া হোক, যাতে শিক্ষার্থীরা উচ্চ শিক্ষা লাভের সুযোগ পান।

বিষয়টির প্রতি সংশ্লিষ্ট সকল মহলের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করছি। উল্লেখ্য, উচ্চ শিক্ষার ক্ষেত্রে বিশ্বের কোন দেশেই এরূপ প্রতিবন্ধকতা বা সীমাবদ্ধতা নেই। কাজেই বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা থেকে এ ধরনের প্রতিবন্ধকতা/সীমাবদ্ধতা তুলে দেয়া হোক।

ডাঃ এ.এম. বান,

ডাঃ লুৎফুর নেছা,

১৯৭ শরৎ গুপ্ত রোড, নারিন্দা, ঢাকা ১১০০।